

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২১৭

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ (৮) জুমু'আর দিনে গোসল করা

8 _ بَابُ غُسْلِ الْجُمُعَة

আরবী

1217 _ أخبرنا محمد بن الحسين بْنِ قُتَيْبَةَ اللَّخْمِيُّ حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ حَدَّثَنَا الْمُفَضَّلُ بْنُ فَضَالَةَ عَنْ عَيَّاشِ بْنِ عَبَّاسٍ عَنْ بُكَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْأَشَجِّ عَنْ نَافِعٍ عَنِ الْمُفَضَّلُ بْنُ فَضَالَةَ عَنْ عَيَّاشِ بْنِ عَبَّاسٍ عَنْ بُكَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْأَشَجِّ عَنْ نَافِعٍ عَنِ النَّهِ عَنْ حَفْصَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (عَلَى كُلِّ مُحْتَلِمٍ رَوَاحُ الْجُمُعَةِ وَعَلَى من راح الغسل)

الراوي: حَفْصَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1217 | خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ: فِي هَذَا الْخَبَرِ إِتْيَانُ الْجُمُعَةِ فرضٌ عَلَى كُلِّ مُحْتَلِمٍ وَالْعِلَّةُ فِيهِ أَنَّ الِاحْتِلَامَ بُلُوغٌ فَمَتَى بَلَغَ الصَّبِيُّ وَأَدْرَكَ بِأَنْ يَأْتِيَ عَلَيْهِ خَمْسَ عَشْرَةَ سَنَةً كَانَ بَالِغًا وَإِنْ لَمْ يَكُنْ مُحْتَلَمًا.

وَنَظِيرُ هَذَا قَوْلُ اللّهِ جَلَّ وَعَلَا: {وَإِذَا بَلَغَ الْأَطْفَالُ مِنْكُمُ الْحُلُمَ فَلْيَسْتَأْذِنُوا كَمَا اسْتَأْذَنَ اللّهَ مِنْ قَبْلِهِمْ} [النور: 59] فَأَمَرَ اللّهُ جَلَّ وَعَلَا فِي هَذِهِ الْآيَةِ بِالِاسْتِنْذَانِ مَنْ بَلَغَ الْحُلُمَ الْدَلُمُ بُلُوغٌ وَقَدْ يَبْلُغُ الطِّفْلُ دُونَ أَنْ يَحْتَلِمَ وَيَكُونُ مُخَاطَبًا بِالِاسْتِنْذَانِ كَمَا يَكُونُ مُخَاطَبًا عِند الاحتلام به.

বাংলা

১২১৭. হাফসা রাদ্মিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "প্রত্যেক বালেগ ব্যক্তির উপর জুমু'আর সালাতে যাওয়া আবশ্যক আর যে ব্যক্তি জুমু'আয় যাবে, তার জন্য আবশ্যক হলো গোসল করা।"[1]



আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহ্লাহ বলেন, "এই হাদীসে এই দলীল রয়েছে যে, এমন ব্যক্তি, যার স্বপ্পদোষ হয়, তার উপর জুমু'আয় আসা ফরয। কারণ স্বপ্পদোষ হলে ব্যক্তি বালেগ হয়ে যায়। কাজেই যখন কোন ব্যক্তি বালেগ হয়ে যাবে এবং পনেরো বছর বয়সে উপনীত হবে, তখন সে বালেগ হয়ে যাবে, যদিও তার স্বপ্পদোষ না হয়।

অনুরুপভাবে আল্লাহর বাণী, "আর যখন সন্তানগণ বয়ঃসন্ধিকালে পৌঁছবে, তখন তারা যেন অনুমতি নেয়, যেভাবে তাদের বড়রা অনুমতি নেয়।" (সূরা নূর: ৫৯।) মহান আল্লাহ এই আয়াতে যারা স্বপ্পদোষ হওয়ার বয়সে উপনীত হয়, তাদেরকে অনুমতি নেওয়ার নির্দেশ দিয়েছেন। কেননা স্বপ্পদোষ হওয়ার মাধ্যমে ব্যক্তি বালেগ হয়ে যায়। কোন কোন সময় শিশু স্বপ্পদোষ হওয়া ছাড়াই বালেগ হয়ে যায় এবং অনুমতি নেওয়ার আদেশের আওতাভূক্ত হয়ে যায়, যেভাবে স্বপ্পদোষ হলে অনুমতি নেওয়ার আদেশের আওতাভূক্ত হয়ে থাকে।"

ফুটনোট

[1] আবূ দাউদ: ৩৪২; সহীহ ইবনু খুযাইমাহ: ৭২১; তাহাবী: ১/১১৬; নাসাঈ: ৩/৮৯; ইবনুল জারুদ, আল মুনতাকা: ২৮৭; তাবারানী আল কাবীর: ২৩/১৯৫; সুনান বাইহাকী: ৩/১৭২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৩৭০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ হাফসাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন